

ক্যাম্পাসে উত্তেজনা ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল খুলেছে

৬৪

ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৭ দিন বন্ধ থাকার পর গতকাল সোমবার এর বিভিন্ন হল আবার খুলে দেয়া হয়।

খবর বাসস'র। বিশ্ববিদ্যালয়ের ক্লাস আজ মঙ্গলবার আবার শুরু হচ্ছে।

গত ৩০শে জুলাই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু'টি প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঢাকা বিশ্ববিদ্যালয় পৃঃ ১২ কঃ ১

ঢাকা বিশ্ববিদ্যালয় : ক্যাম্পাসে উত্তেজনা

(১ম পাতার পর)

করে দেয়া হয়েছিল।

ইউএনবি জানায় : ঢাকা বিশ্ববিদ্যালয় আবার খোলার প্রাকালে ক্যাম্পাসে উত্তেজনা বৃদ্ধি পেয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, হলের গেট আবার খোলা হলে ছাত্রলীগের (শা-অ) দু'টি উপদল একে অপরকে ধাওয়া করে এবং বেলা ১১টার দিকে মধুর কেন্দ্রিনে ধস্তাধস্তিতে লিপ্ত হয়।

এদিকে, পার্শ্ববর্তী প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ (শা-অ) কর্মীদের হাতে জাতীয়তাবাদী ছাত্রদলের পাঁচজন কর্মী প্রহৃত হয় বলে অভিযোগ পাওয়া যায়।

ছাত্রদল তাঁর প্রতিক্রিয়া ব্যক্ত করে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। ইলিয়াস আলী এতে বক্তৃতা দেন।